



এম এ হাসেম

শিল্পপতি এম এ হাসেমের পঞ্চম মৃত্যুবার্ষিকী আজ

বিশিষ্ট শিল্পপতি ও পারটেক্স গ্রুপের প্রতিষ্ঠাতা এম এ হাসেমের পঞ্চম মৃত্যুবার্ষিকী আজ ২৪ ডিসেম্বর। করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে ২০২০ সালের এই দিনে তিনি মারা যান।

দেশের বড় শিল্পগোষ্ঠীগুলোর একটি পারটেক্স গ্রুপ। এম এ হাসেম ১৯৫৯ সালে তামাকপণ্য কেনাবেচার মাধ্যমে ব্যবসা শুরু করেন। এরপর পাঁচ দশকে আবাসন, আমদানি-রপ্তানি, পার্টিকেল বোর্ড, ইম্পাত, প্লাস্টিক, ভোগ্যপণ্য, ব্যাংক-বিমাসহ বিভিন্ন খাতে তিনি ব্যবসা সম্প্রসারণ করেন।

নর্থ সাউথ ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান এম এ হাসেম একসময় সিটি ব্যাংক লিমিটেড ও ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংকের চেয়ারম্যান ছিলেন। বিমা খাতেও ভূমিকা রাখেন তিনি। গড়ে তোলেন জনতা ইনস্যুরেন্স কোম্পানি। তিনি ২০০১ সালে নোয়াখালীর বেগমগঞ্জ আসন থেকে বিএনপির প্রার্থী হিসেবে সংসদ সদস্য নির্বাচিত হন।

শেষের দিকে এম এ হাসেম পারটেক্স গ্রুপ ও পারটেক্স স্টার গ্রুপ থেকে আলাদা করে প্রতিষ্ঠা করেন আন্সার গ্রুপ। এসব গ্রুপের অধীনে রয়েছে ৬০টির বেশি কোম্পানি।

বিজ্ঞপ্তি